ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪০৫

আগরতলা, ২৭ অক্টোবর, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জেলার জলসেচ ব্যবস্থা নিয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীলের সভাপতিত্বে সম্প্রতি পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে আসন্ন শুখা মরশুমের জলসেচ ব্যবস্থা নিয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জেলার প্রতিটি ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, বিএসি'র চেয়ারম্যান, বিভিন্ন পঞ্চায়েতের প্রধানগণ, ব্লকের বিডিওগণ, পঞ্চায়েত সচিবগণ, জল সম্পদ বিভাগের আধিকারিকগণ ও পাম্প হাউজ অপারেটরগণ উপস্থিত ছিলেন। পর্যালোচনা সভায় বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ ও গ্রাম পঞ্চায়েত প্রধানগণ নিজ নিজ এলাকার জলসেচ ব্যবস্থার সুবিধা ও অসুবিধাগুলি তুলে ধরেন। ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল আলোচনায় অংশ নিয়ে অকেজো এল আই মেশিনগুলিকে আগামী ১৫ নভেম্বরের মধ্যে সারাই করার জন্য পরামর্শ দেন। যদি এগুলি সারাই করা সম্ভব না হয়, সেস্থানে পি এম কুসুম স্কিমে জমিতে সোলার পাম্প মেশিন বসানোর জন্যও তিনি পরামর্শ দেন।

*****